

## সাদ হত্যার ছাত্র ধর্মঘটে বাকুবি অচল : প্রক্টরিয়াল বডিকে অব্যাহতি

জেলা বাতা পরিবেশক, ময়মনসিংহে

ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র সাদ হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত সব শিক্ষার্থীকে সর্বোচ্চ শাস্তি প্রদান ও শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতের দাবিতে সাধারণ শিক্ষার্থীদের উচ্চ সর্বাত্মক ছাত্র ধর্মঘটের গতকাল ছিল-দ্বিতীয় দিন। সাদ হত্যাকাণ্ডের বিচার দ্রুত সম্পন্ন করার পাশাপাশি শিক্ষা কার্যক্রম চালিয়ে বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবিতে সব অনুমোদিত ছাত্র সমিতির ব্যানারে শিক্ষার্থীদের একটি দল ময়মনসিংহ বিকেল থেকে উপচার্যের বাসভবনের সামনে অবস্থান কর্মসূচি ও বিকোত চালিয়ে যাচ্ছে। গতকালও এ রিপোর্ট লেখা পর্যন্ত তা অব্যাহত ছিল।

অন্যদিকে বিশ্ববিদ্যালয়ে মেধাবী ছাত্র সাদ হত্যাকাণ্ডের ঘটনায় উত্ত্বত পরিস্থিতির কারণে প্রক্টরকে অব্যাহতি দিয়ে নতুন প্রক্টর নিয়োগ দেয়া হয়েছে। সাদ হত্যাকাণ্ডের পর বিশ্ববিদ্যালয়ে অস্থিতিশীল হুমত : পৃষ্ঠা : ২ ক : ৪

### ছাত্র : ধর্মঘট

(১৬ পৃষ্ঠার পর)

পরিবেশের কারণে কিছুদিন আগেই পদত্যাগ করা ছাত্র বিষয়ক উপদেষ্টা ও আশরাফুল হক হলের প্রোস্টেস্টর পদেও নতুন নিয়োগ দেয়া হয়েছে।

বিশ্ব বিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি নিয়ে ময়মনসিংহে রাতে উপচার্য প্রফেসর ড. জিতেন্দ্র হকের সভাপতিত্বে তিন জরিপের এক প্রক্টর সভা উপচার্যের বাসভবনে অনুষ্ঠিত হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি বিবেচনা করে প্রক্টরিয়াল বডিকে অব্যাহতি দিয়ে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ডেপুটি বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. হারুন আর রশিদকে নতুন প্রক্টর, পও পৃষ্ঠা বিভাগের প্রফেসর ড. বন্দুকার জহিরুল হক নতুন ছাত্র বিষয়ক উপদেষ্টা, মাইক্রোবায়োলজি বিভাগের প্রফেসর ড. সুকুমার সাহাকে আশরাফুল হক হলের প্রোস্টেস্ট এক্স ফসল উন্নয়ন বিভাগের প্রফেসর ড. আমলগীর হোসেনকে ছাত্র বিষয়ক বিভাগের বিশেষ জরপ্রাধ কর্তৃক নিয়োগ দেয়া হয়েছে বলে বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট আবদুল খালেক জানিয়েছেন।

নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তারা গতকাল থেকে দায়িত্বভার গ্রহণ করেন। নতুন নিয়োগপ্রাপ্ত প্রক্টর ও ছাত্র বিষয়ক উপদেষ্টাসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নেতারা উত্ত্বত পরিস্থিতি সমাধানের জন্যে গতকাল সকালে আন্দোলনরত শিক্ষার্থীদের দুই গ্রুপের সঙ্গে পৃথক আলোচনা করে ক্লাসে ফিরে যাওয়ার আহ্বান জানান।

নতুন নিয়োগপ্রাপ্ত প্রক্টর প্রফেসর ড. হারুন আর রশিদ জানান, সাদ হত্যার বিচারের দাবিতে আন্দোলনরত দুই গ্রুপের প্রতিনিধিদের সঙ্গে তারা আলোচনার মাধ্যমে অতি দ্রুত বিশ্ববিদ্যালয়ের ক্লাস-পরীক্ষা তুলে রাখার প্রস্তাব দিয়েছেন।

নতুন ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. বন্দুকার জহিরুল হক জানান, আমরা নতুন দায়িত্ব নিয়েছি এখন বিবদমান দুই গ্রুপের সঙ্গেই আমরা কথা বলব। আমরা যেমন চাই ক্লাস-পরীক্ষা নিতে তারাও তেমনই চায় ক্লাস-পরীক্ষা ফিরে যেতে। আমরা তাদের দাবি

ওনে সমন্বয়ের মাধ্যমে ছাত্রদের ক্লাসে ফিরিয়ে নিয়ে যেতে পারব বলে আমরা আশাবাদি। তবে বিবেকসামান্য প্রক্টর ও ছাত্র বিষয়ক উপদেষ্টা আন্দোলনরত সাধারণ শিক্ষার্থীদের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে কোন সিদ্ধান্তে পৌহতে পারেনি বলে জানা গেছে।

ফলে ছাত্র ধর্মঘট অব্যাহত থাকবে। অন্যদিকে অনুমোদিত ছাত্র পরিস্থিতির প্রতিনিধিরা তাদের সঙ্গে আলোচনায় বসতে রাজি হুয়নি। তারা জানিয়েছেন উপচার্য নিজে এসে তাদের সঙ্গে কথা না বলা পর্যন্ত উপচার্যের বাসভবনের সামনে থেকে তারা যাবে না। এছাড়াও সভায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বর্তমান উত্ত্বত পরিস্থিতি নিয়ে আরও বেশা ১১টির বিশ্ববিদ্যালয়ের সিডিকেটের চক্রটি সভা আহ্বান করা হয়েছে বলে বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট আবদুল খালেক জানিয়েছেন।